তারিখ . 2 6. OCT. 2015. ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ২ ......

দৈনিক
ইত্তেফাক

জাবিতে ভর্তি পরীক্ষা শুরু

# ডীনের বিরুদ্ধে প্রশ্নপত্র দেখানোর অভিযোগ

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

গতকাল রবিবার থেকে শুরু হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা। গতকাল পাঁচটি শিফটে এ ইউনিটভুক্ত গাণিতিক ও পদার্থবিদ্যা অনুষদের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এদিকে গতকালের , পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিকী অনুষদের ডীন অধ্যাপক সৈয়দ কামরুল আহসানের বিরুদ্ধে তার নিজ কক্ষে তিন শিক্ষার্থীকে প্রশ্নপত্র দেখানোর অভিযোগ উঠেছে। জানা যায়, গতকাল রবিবার ভর্তি পরীক্ষার প্রথম দিনে গাণিতিক ও পদার্থবিদ্যা অনুষদের দ্বিতীয় শিফটের পরীক্ষা চলাকালীন সময়ে সৈয়দ কামরুল আহসানের রুমে বসে কয়েকজন শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র পড়তে দেখা যায়।

অভিযুক্ত শিক্ষক কলা ও মানবিকী অনুষদের ডীন ও প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক কামরুল বলেন, "আসলে ওই প্রশ্নটা আগের বছরের (২০১৪-১৫ শিক্ষাবর্ষের) ছিলো।